রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস), ০২-৪৭৭৭৮৩৪৮৯ (বাসা)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

Office of the Registrar
Islamic University
Kushtia, Bangladesh
Phone : +88-02477786704 (Office), 02-477783489 (Res.)
PABX : +88-02477786710-02477786715 /2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

স্মারক নং : ০২/শিক্ষা/ইবি-২০২৬/৬৭৭
Ref. No.

তারিখ : ২৩-০৪-২০২৬
Date:

**ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে D ইউনিটে বিশেষ কোটার শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি ঃ**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে D ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করে ন্যূনতম ৩০% নম্বর প্রাপ্ত শিক্ষার্থীগণ D ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহে ভর্তির জন্য আগামী ১০-০৫-২০২৬ তারিখের মধ্যে অগ্রণী ব্যাংক লি: পি.এল.সি ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা থেকে ভর্তি ফরম সংগ্রহ করে নিম্নোক্ত তফসিল অনুযায়ী আবেদন করতে পারবে।

তফসিল :

১। বিশেষ কোটায় শিক্ষার্থীদের ভর্তির আবেদন প্রক্রিয়া : বিশেষ কোটায় শিক্ষার্থীরা আগামী ০৩-০৫-২০২৬ তারিখ থেকে ১০-০৫-২০২৬ তারিখ অফিস চলাকালীন সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টার মধ্যে আবেদন করতে পারবে। D ইউনিটে ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করে ফলাফলপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে যারা ইতোমধ্যে মূল আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছে কেবলমাত্র সে সকল শিক্ষার্থীরা বিশেষ কোটা (মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা),উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/নৃ-গোষ্ঠী, হরিজন-দলীত জনগোষ্ঠী (অন্ত্যজ), শারীরিক প্রতিবন্ধী, খেলোয়াড় এবং পোষ্য কোটায় (শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পুত্র-কন্যা) আবেদন করতে পারবে। আবেদন প্রক্রিয়াকরণ ফি' বাবদ ৫০০/=(পাঁচশত) টাকা হিসাব নং- ০৩, অগ্রণী ব্যাংক লিমিটেড পি এল. সি ই.বি শাখায় জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করত : D ইউনিট থেকে প্রাপ্ত নম্বরপত্র উত্তোলন করে আবেদন পত্রের সাথে সংযুক্ত করে একাডেমিক শাখার ২৪৬ নং- রুমে জমা দিতে হবে। এ ছাড়াও ইসলামী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd/admission এ Login করে প্রয়োজনীয় তথ্য জানা যাবে।

২। ভর্তি প্রক্রিয়া ও শর্তাবলী :

(ক) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদেরকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত মুক্তিযোদ্ধাদের নামের তালিকার আইডি নম্বর সম্বলিত সনদপত্র অথবা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সাময়িক/মূল সনদপত্র কোটার আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। সেই সাথে গেজেটেড অফিসার/স্থানীয় সরকার প্রধানের নিকট থেকে শিক্ষার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রত্যয়নপত্র সম্পর্কিত ব্যক্তিগণের জাতীয় পরিচয়পত্র এবং প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(খ) উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায় কোটায় আবেদনকারীদেরকে স্বীকৃত গোত্র প্রধান (যেমন চাকমা রাজা, মং রাজা) কর্তৃক প্রদত্ত সনদ অথবা বাংলাদেশ আদিবাসী ফোরাম কর্তৃক গোত্রের সমর্থনে প্রদত্ত সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(গ) হরিজন-দলিত জনগোষ্ঠী (অন্ত্যজ) সম্প্রদায় কোটায় আবেদনকারীদেরকে তাদের সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

M. Haque

CamScanner

রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস), ০২-৪৭৭৭৮৩৪৮৯ (বাসা)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

ইসলামী বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Islamic University
Kushtia, Bangladesh
Phone : +88-02477786704 (Office), 02-477783489 (Res.)
PABX : +88-02477786710-02477786715 /2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

স্মারক নং : ০২/শিক্ষা/ইবি-২০২৬/৩৭৭
Ref. No.

তারিখ : ২৯-০৪-২০২৬
Date:

(ঘ) শারীরিক প্রতিবন্ধী কোটায় আবেদনকারীদেরকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ঙ) খেলোয়াড় কোটায় আবেদনকারীদেরকে বাংলাদেশ জাতীয় দলের অথবা যে কোন বয়সভিত্তিক জাতীয় দলের হয়ে প্রতিনিধিত্ব করেছে এমন প্রমাণপত্র অথবা বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান হতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পাস করেছে এমন সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। কোটার প্রার্থীদের প্রয়োজনে ফিল্ড টেস্টে অংশগ্রহণ করতে হবে।

(চ) পোষ্য কোটারক্ষেত্রে শুধুমাত্র এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পুত্র-কন্যা পোষ্য হিসেবে গণ্য হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধান কর্তৃক পোষ্য সম্পর্কের প্রত্যয়নপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৩। শর্ত পূরণের অভাবে নির্ধারিত কোটায় প্রয়োজনীয় সংখ্যক প্রার্থী পাওয়া না গেলে বা আসন খালি থাকলে তা অন্য কোন ভাবে পূরণ করার সুযোগ থাকবে না।

৪। কোটার সুবিধা নিয়ে ভর্তি হওয়া শিক্ষার্থীগণ কোনক্রমেই বিভাগ পরিবর্তনের জন্য আবেদন করতে পারবে না।

৫। সংশ্লিষ্ট কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের জ্ঞাতব্য বিষয় :

সংশ্লিষ্ট শিক্ষার্থীদের আবেদনপত্রের সাথে (১) পাসপোর্ট আকারের ২(দুই) কপি সত্যায়িত ছবি এবং নির্বাচিত হওয়ার পর ভর্তির সময় আরো ৪(চার) কপি ছবি অন্য অফিসে জমা দেওয়ার জন্য সাথে রাখতে হবে (২) মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার পাশের সনদ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট-এর প্রত্যেকটির এক কপি সত্যায়িত অনুলিপি (৩) জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি (৪) পিতা মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং (৫) অভিভাবকের আয়ের সনদপত্রের কপি সংযুক্ত করতে হবে।

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের প্রত্যেককে আবেদন পত্রের সাথে অবশ্যই তাদের ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাশের মূল নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট (ফেরৎযোগ্য) আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। মূল নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট ব্যতীত কোন ছাত্র-ছাত্রীকে ভর্তির অনুমতি দেওয়া হবে না। উল্লেখ্য, এ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার পর যদি কোন শিক্ষার্থীর দাখিলকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসা পত্র, নম্বরপত্র (যে কোন ধরণের সনদ পত্র) ইত্যাদি অসত্য বলে প্রমাণিত হয় তবে অত্র বিশ্ববিদ্যালয় হতে তার ভর্তি বাতিল করা হবে।

29.04.26

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামী বিশ্ববিদ্যালয়,

কুষ্টিয়া।

CamScanner